জয়পুরহাট জেলার আগস্ট, ২০১৯ মাসের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি., সময়ঃ বেলা ১২.২০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক'' ও ''খ'' দ্রষ্টব্য

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে উন্মুক্ত আলোচনা করা হয়। আলোচনা পর্যায়ে প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল (ওসিসি), আধুনিক জেলা হাসপাতাল, জয়পুরহাট বলেন এ সময়ে নারী ও শিশু নির্যাতন প্রবণতা কিছুটা বেড়েছে। ওয়ান-স্টপ ক্রাইসিস সেল হতে সেবা প্রদানের তথ্য প্রতি মাসে জেলা প্রশাসক ও পুলিশ সুপার মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়। প্রয়োজনীয় সেবার জন্য তিনি ১০৯নং এ কল করে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত তথ্য প্রদানের অনুরোধ জানান।

উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট বলেন, প্রতিটি ইউনিয়নে একটি করে কিশোরী ক্লাব গঠনের মাধ্যমে নারীদের সচেতনতা বৃদ্ধির কার্যক্রম, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে উঠান বৈঠক এবং প্রচার-প্রচারণা চলমান রয়েছে। এছাড়া পারিবারিক সমস্যা সমাধানের চেষ্টাসহ নারীদেরকে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান অব্যাহত রয়েছে।

সভায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নারী শিক্ষার প্রসার ও বাল্য বিবাহ নিরোধসহ সচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখার প্রতি গুরুত্বারোপ করা হয়। এ সংক্রান্ত মোটিভেশনাল কার্যক্রম আরও গতিশীল করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়। গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কিশোরী ক্লাব এবং বিভিন্ন এনজিও'র সমন্বয়ে প্রতিটি ইউনিয়নে সভাকরণসহ শিক্ষা প্রতিষ্ঠানে মোটিভেশনাল কার্যক্রম পরিচালনা করতে হবে। নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন মামলা দায়ের হলে অধিক গুরুত্ব দিয়ে মামলা পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষকে অনুরোধ জানানো হয়। এছাড়া উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তরকে সম্পৃক্ত করে এনজিওসমূহের সমন্বয়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে কার্যক্রম পরিচালনার পাশাপাশি সার্বিক বিষয়ে উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাটকে সমন্বিতভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর জুলাই ২০১৯ মাসের উপস্থাপিত তথ্যের ভিত্তিতে বিস্তারিত আলোচনা করা হয়:

১। নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার তদন্তের অগ্রগতি বিষয়ক তথ্য:

তদন্ত পর্যায়ের মামলা: (জুলাই ২০১৯ মাসের)

গত মাসে পেন্ডিং মামলার সংখ্যা	দায়েরকৃত মামলার সংখ্যা	মোট পেন্ডিং মামলা	চূড়ান্ত প্রতিবেদন দাখিল	অভিযোগ পত্র দাখিল	মোট নিষ্পত্তি	তদন্তাধীন পেন্ডিং মামলার সংখ্যা
২৮	১২	৪০	০২	১৩	১৫	২৫

২। বিচার পর্যায়ের মামলা: (জুলাই ২০১৯ মাসের)

পূর্ববর্তী মাসে অনিষ্পন্ন মামলার সংখ্যা	জুলাই ২০১৯ মাসে প্রাপ্ত মামলার সংখ্যা	মোট	জুন ২০১৯ মাসে নিষ্পত্তি				বিচারাধীন পেন্ডিং মামলার সংখ্যা
			সাজা	খালাস	অন্যান্যভাবে	মোট	
-	-	-	-	-	-	-	-

৩। উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিস্তারিত আলোচনা অন্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	নারী ও শিশু নির্যাতন/পাচার প্রতিরোধ	ক) জিরো টলারেন্স নিয়ে কার্যক্রম পরিচালনাসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সতর্ক নজরদারি এবং মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। খ) প্রত্যেক পাড়া-মহল্লায় কিশোর-কিশোরী ক্লাব প্রতিষ্ঠা করতে হবে। গ) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মোটিভেশনাল কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার পাশাপাশি কিশোরী ক্লাব এবং বিভিন্ন এনজিওর সমন্বয়ে প্রতিটি ইউনিয়নে সভাকরণ অব্যাহত রাখতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) উপপরিচালক, স্থানীয় সরকার ৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ৪) উপজেলা নির্বাহী অফিসার(সকল) ৫) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর ৬) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ৭) উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ৮) প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাট

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত তদন্তাধীন মামলা	এ বিষয়ে কোন মামলা দায়ের হলে দ্রুত তদন্ত করে প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে।	পুলিশ সুপার, জয়পুরহাট
৩	নারী ও শিশু নির্যাতন বিষয়ক প্রাপ্ত আবেদন ও বিচারাধীন মামলা	ক) সংশ্লিষ্ট বিষয়ে কোন মামলা দায়ের হলে রাষ্ট্রপক্ষে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মামলা পরিচালনাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভিকটিমকে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান করতে হবে। খ) এ সংক্রান্ত কোন তথ্য পাওয়া গেলে ভিকটিমকে যথাসম্ভব দ্রুত উদ্ধারপূর্বক তার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) বিজ্ঞ পিপি/স্পেশাল পিপি ২) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ৩) প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাট

পরিশেষে উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১৩.১৯-৯০৭৭ তারিখ: ১৭ /০৮/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর ভবন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা

অবগতি ও কার্যার্থ অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৬। পুলিশ সুপার, জয়পুরহাট
৭। সিভিল সার্জন, জয়পুরহাট
৮। সিনিয়র সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেল), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট
১০। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট
১১। বিজ্ঞ স্পেশাল পিপি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, জয়পুরহাট
১২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট
১৩। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, জয়পুরহাট
১৪। প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস, সেল, জয়পুরহাট
১৫। নির্বাহী পরিচালক, এইচপিডিও (এনজিও)

(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: ০৫৭১-৬২২৫২
admjoypurhat@mopa.gov.bd